

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/৩(৭০)/২০২৩-০৬

তারিখঃ ০৩- ০১-২০২৪

বিজ্ঞপ্তি

কৃষি প্রাধান্য বিশ্ববিদ্যালয়সমূহে গুচ্ছ পদ্ধতির আওতায় ২০২৩ শিক্ষাবর্ষে গত ০৮-১১-২০২৩ থেকে ১০-১১-২০২৩ তারিখ পর্যন্ত ভর্তি সম্পন্নকৃত শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী অটোমাইগ্রেশনের মাধ্যমে অন্যান্য বিশ্ববিদ্যালয় থেকে শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত হয়েছে তাদেরকে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণ করার জন্য বলা হলো।

নির্দেশাবলী :


- (১) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে স্থানান্তরিত শিক্ষার্থীদের আগামী ১৪-০১-২০২৪ তারিখ রবিবার বেলা ০১.০০ টা থেকে ৫.০০টার মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের চতুর্থ তলায় কনফারেন্স কক্ষে স্ব-শরীরে উপস্থিত হয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- (২) শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ/প্রোগ্রামের জন্য নিম্নবর্ণিত প্রযোজ্য ভর্তি ফি এর সাথে ইতোপূর্বে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে প্রদত্ত ফি সমন্বয় করতে হবে বিধায় ফি জমার রশিদের ফটোকপি সঙ্গে নিয়ে আসতে হবে।

অনুষদের নাম	প্রোগ্রাম/ডিগ্রির নাম	ফি'র পরিমাণ
কৃষি	বি.এসসি. এজি. (অনার্স)	১৭৪০০.০০
এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট	বি.এসসি. এগ্রিকালচারাল ইকোনোমিক্স (অনার্স)	১৭৬০০.০০
এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন	বি.এসসি. ভেট. সাইন্স এন্ড এ.এইচ.	২৩৮৫০.০০
ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স	বি.এসসি. ফিশারিজ (অনার্স)	১৭১০০.০০

উপরোক্ত ফি ছাড়াও আবাসিক হলে আবাসিক হিসেবে সংযুক্তির জন্য ২৭৫০/- টাকা এবং অনাবাসিক হিসেবে সংযুক্তির জন্য ১২৫০/- টাকা নির্ধারিত আছে।

- (৩) স্থানান্তরিত শিক্ষার্থীদেরকে ০৪ কপি পাসপোর্ট সাইজের ফটো (ভর্তি পরীক্ষার প্রবেশপত্রে প্রদত্ত ছবির অনুরূপ), এসএসসি/সমমান পরীক্ষার সনদের ০১ সেট ফটোকপি এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সার্টিফিকেট এর ফটোকপি জমা দিতে হবে।
- (৪) ভর্তির দিন এ বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করতে হবে।
- (৫) ভর্তিকৃত শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন আগামী ১৫-০১-২০২৪ তারিখ সোমবার সকাল ৮.০০ ঘটিকায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের শেখ রাসেল টিএসসি কমপ্লেক্সের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে এবং ১৬-০১-২০২৪ থেকে স্ব-শরীরে ক্লাশ শুরু হবে।
- (৬) আবাসিক হলে সিট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। তবে ভর্তির সময় প্রত্যেক শিক্ষার্থীকে কোন না কোন হলে আবাসিক/অনাবাসিক হিসেবে সংযুক্ত থাকতে হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

- ১। ডীন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ, শেকুবি
- ২। রেজিস্ট্রার, বশেমুরকুবি, সালনা, গাজীপুর (গুচ্ছ পদ্ধতিতে ভর্তির ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। প্রভোস্ট (সকল).....শেকুবি
- ৪। প্রক্টর, শেকুবি
- ৫। পরিচালক (অর্থ ও হিসাব).....শেকুবি
- ৬। পরিচালক, আইসিটি সেল, শেকুবি (বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
- ৭। চীফ মেডিকেল অফিসার, শেকুবি
- ৮। এডিশনাল রেজিস্ট্রার/অতিরিক্ত পরিচালক (সংশ্লিষ্ট).....শেকুবি
- ৯। ভিসি মহোদয়ের একান্ত সচিব(ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ১০। জনসংযোগ কর্মকর্তা, শেকুবি
- ১১। পিএ টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ১২। পিএ টু ট্রেজারার/রেজিস্ট্রার (ট্রেজারার/রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকুবি
- ১৩। অফিস নথি/মহানথি